গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী
(জে এম শাখা)
www.nilphamari.gov.bd

**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

## গণ বিজ্ঞপ্তি

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বিআরটিএ সংস্থাপন শাখার ২২ এপ্রিল, ২০২৪ তারিখের স্মারক নম্বর-৩৫.০০.০০০০.০২০.০০৯.০২৭.২১-২২৭ এর পরিপ্রেক্ষিতে আগামী ২৮ এপ্রিল, ২০২৪ তারিখ নীলফামারী জেলার জলঢাকা পৌরসভার মেয়র পদে উপনির্বাচন ২০২৪ উপলক্ষে সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারা অনুযায়ী নির্বাচনি এলাকায় ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ২৭ এপ্রিল, ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ২৮ এপ্রিল, ২০২৪ তারিখ মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলোঃ

**যানবাহনসমূহ :**

(১) ট্যাক্সি ক্যাব (২) পিক আপ (৩) মাইক্রোবাস (৪) ট্রাক

২। সে সাথে ২৬ এপ্রিল, ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ২৯ এপ্রিল, ২০২৪ তারিখ মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

৩। রির্টানিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনী এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারি, আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে এরূপ নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।

জনস্বার্থে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

২৩/০৪/২০২৪

পঙ্কজ ঘোষ
জেলা ম্যাজিস্ট্রেট
নীলফামারী
ফোন : ০২৫৮৯৯৫৫৩০০
e-mail: dcnilphamari@mopa.gov.bd

নম্বর-০৫.৪৭.৭৩০০.০১০.১৩.০৪৩.২১. ৫৬৯.

তারিখ : ১০ বৈশাখ ১৪৩১ / ২৩ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
০৪। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৬। পুলিশ সুপার, নীলফামারী।
০৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নীলফামারী।
০৮। জেলা নির্বাচন অফিসার, নীলফামারী।
০৯। উপজেলা নির্বাহী অফিসার, জলঢাকা, নীলফামারী। তাঁকে উপরোক্ত বিজ্ঞপ্তিটি বর্ণিত নির্বাচনী এলাকায় ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১০। জেলা তথ্য অফিসার, নীলফামারী। তাঁকে উপরোক্ত বিজ্ঞপ্তিটি বর্ণিত নির্বাচনী এলাকায় ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১১। জনাব .................................................................................................. ও রির্টানিং অফিসার, জলঢাকা পৌরসভা সাধারণ নির্বাচন/২০২৪ জলঢাকা, নীলফামারী।
১২। উপজেলা নির্বাচন অফিসার, জলঢাকা, নীলফামারী।
১৩। অফিসার-ইন-চার্জ, জলঢাকা থানা, নীলফামারী।

২৩/০৪/২০২৪

জেলা ম্যাজিস্ট্রেট
নীলফামারী।